



# বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা ২৭০৬

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ।

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১।

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৩২/ ২৪০৩

তারিখঃ ২/৩/২০১৭খ্রিঃ

বিষয় : তদন্ত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

- সূত্র : ১) শিক্ষা মন্ত্রণালয়ের নং- ৩৭.০০.০০০০.০৮৫.০২৭.১৬৭.১৬-০১; তারিখঃ ০৪ জানুয়ারি ২০১৭  
২) শিক্ষা মন্ত্রণালয়ের নং- শিম/শা:১৪/অভি: ৭-১০/০৫(অংশ-১)-৮৯; তারিখঃ ৩১ জানুয়ারি ২০১৬  
৩) নং- বামাশিবো/প্রশা/পটুয়াখালী-৩২/১০৩২; তারিখঃ ২৯/০২/২০১৬খ্রিঃ  
৪) স্মারক নম্বর- ০৫.১০.৭৮৯৫.০০২.১৮.০০৯.১৬-৫২৪; তারিখঃ ২৪.০৭.২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সবিনয়ে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার সদর উপজেলাধীন লোহালিয়া কে, এম, হক বালিকা দাখিল মাদরাসার সুপার জনাব মোঃ মজিবুল হক ও ইবতেদায়ী জুনিয়র শিক্ষক জনাব মোঃ হেলাল উদ্দিন এর বিরুদ্ধে অনিয়ম, দুর্নীতি ও জাল জালিয়াতির বিষয়ে জনৈক করিম মোল্লা মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয় বরাবর একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সূত্রোক্ত ২নং স্মারকে এবং পরবর্তীতে সনদের সঠিকতা ও গ্রহণযোগ্যতা যাচাই করার জন্য সূত্রোক্ত ১নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয় (কপি সংযুক্ত)।

২) অভিযোগের বিষয়ে জরুরী ভিত্তিতে সরজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, সদর, পটুয়াখালীকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সদর, পটুয়াখালী তদন্ত পূর্বক সূত্রোক্ত ৪নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করা হয়। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, তদন্তকারী কর্মকর্তা অভিযোগকারী না থাকায় এবং দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় অভিযোগের সত্যতা পাওয়া যায়নি মর্মে মন্তব্য অংশে উল্লেখ করেছেন (কপি সংযুক্ত)।

৩) সুপার জনাব মোঃ মজিবুল হক বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের অধীনে দাখিল, আলিম, ফাযিল ও কামিল পরীক্ষায় অংশগ্রহণ করায় অত্র দপ্তরে রক্ষিত রেকর্ড যাচাইঅন্তে তাঁর শিক্ষাগত সনদসমূহ সঠিক মর্মে প্রতীয়মান হয়েছে। অপরদিকে ইবতেদায়ী জুনিয়র শিক্ষক জনাব মোঃ হেলাল উদ্দিন অন্য বোর্ডের অধীনে পরীক্ষায় অংশ গ্রহণ করায় তার সনদসমূহের সঠিকতা যাচাই করা সম্ভব হয়নি।

বিষয়টি মহোদয়কে সবিনয়ে অবহিত করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক... (কপি) পাতা।

সচিব  
কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

প্রফেসর এ, কে, এম, ছায়েফ উল্যা  
চেয়ারম্যান  
বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৫৮৬১০২১৬

অনুলিপি :

- ১। উপজেলা নির্বাহী অফিসার, সদর, পটুয়াখালী।
- ২। সিনিয়র সহকারী সচিব, শাখা-২৪ (মাদরাসা-২), কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। অফিস কপি।